WWW.ASKNETWORK.NET

Bengali

/ASKING WITH THE WORD OF GOD/

চাওয়া
আল্লাহ্‌র কালাম ব্যবহার করে

...যা কুদরত, প্রকাশ ও নবুয়তী সত্য বয়ে আনে

কারণ তোমার ওয়াদার পূর্ণতার মধ্য দিয়ে তুমি নিজেকে যেভাবে প্রকাশ করেছ
তা তোমার সুনামের চেয়েও মহান। জবুর ১৩৮:২

ঈসা বলেছেন: **আমার নামে যাঞ্চা কর...**

ASK Network-এর বিশেষ আহ্বান হল, মুনাজাত ও কোন কাজ করার আগে আল্লাহ্‌র কথা শোনা। আমরা অপেক্ষা করি যেন তিনি তাঁর কালামের মধ্য দিয়ে কথা বলেন, আর পাক-রূহ্‌ যা প্রকাশ করছেন তাতে সাড়া দেবার দায়িত্ব আমরা গ্রহণ করি। আমরা আন্তরিকতা ও পরিশ্রমের সংগে কালাম ব্যবহার করে মুনাজাত করি এবং তারপর বাধ্য হয়ে চলি। আল্লাহ্‌ আমাদের কথা ও কাজ গ্রহণ করে তাঁর গৌরবের জন্য তাঁর উদ্দেশ্য পূরণ করতে কুদরতের সংগে কাজ করেন।

আল্লাহ্‌ কী বলেন, তা শুনুন...
আপনি যা নিয়ে মুনাজাত করেন, তিনি তা শোনেন।

আল্লাহ্‌র কালাম দিয়ে কীভাবে মুনাজাত করবেন, তার সহজ নীতিগুলো জানতে কার্ডটি উল্টিয়ে দেখুন। আরও শিক্ষার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন



জামাত, সমাজ
ও সব জাতির জন্য আল্লাহ্‌র কালাম সহকারে মুনাজাত করুন।

আল্লাহ্‌র কালাম সহকারে মুনাজাত করা আপনার কিতাবুল মোকাদ্দস খুলে তার সত্য ঘোষণা করার মতই সহজ হতে পারে, কিন্তু তা নিয়ে ধ্যান করলে আরও গভীর বুঝ পাওয়া যায়। পাক-রূহ্‌ই সবচেয়ে ভাল শিক্ষক: গভীর ও প্রাণবন্ত চাওয়ার জন্য এই সহজ ধাপগুলো অনুসরণ করার সময় তাঁকে সুযোগ দিন যেন তিনি আপনাকে সমস্ত সত্যের মধ্যে পরিচালনা করেন।

ঈসা যেমন করতেন, তেমনি মুনাজাতের জন্য **সময় আলাদা করে রাখুন।** তিনি যেমন পরিচালনা দেন, সেইমত রোজা রাখুন। লূক ৫:১৬, মথি ৬:১৭

ঈসার শিক্ষা অনুসারে, সম্ভব হলে **অন্যদের সংগে যুক্ত হোন।** মথি ১৮:১৯-২০

গুনাহ্‌ স্বীকার ও তওবার মধ্য **দিয়ে নিজেকে প্রস্তুত করুন।** ১ ইউহোন্না ১:৯

আল্লাহ্‌র এবাদত করুন এবং তাঁর গুণাবলীকে স্বীকৃতি দেন। মথি ৬:৯

পাক-রূহের হেফাজতের জন্য যাঞ্চা করুন। ইফিষীয় ৬:১০-১৮

আল্লাহ্‌র উপর ভরসা রাখুন যেন তিনি তাঁর অন্তরে যা আছে তা আপনার অন্তরে গেঁথে দেন; এতে আপনি মুনাজাতের জন্য একটি নির্দিষ্ট নিশানা পাবেন। ইশাইয়া ৫৫:৮

আল্লাহ্‌র উপর ভরসা রাখুন যেন তিনি আপনাকে উপযুক্ত আয়াতের দিকে **পরিচালনা করেন।** জবুর ৩৭:২৩

যতক্ষণ না পাক-রূহ্‌ নির্দিষ্ট কিছু শব্দ বা ধারণার দিকে আপনার মনোযোগ টানতে শুরু করেন, ততক্ষণ **শটি মনোযোগ দিয়ে** বার বার **পড়ুন**। ইউহোন্না ১৬:১৩

বুঝবার জন্য আল্লাহ্‌র অপেক্ষায় থেকে **তা নিয়ে ধ্যান করুন।** জবুর ১১৯:৩০

আল্লাহ্‌র কালাম নিয়ে ধ্যান করার সময় তাঁর কাছ থেকে যে উপলব্ধি লাভ করেন, তার প্রতি **ব্যক্তিগতভাবে সাড়া দিন** এবং সেই সত্যকে আপনার জীবনে প্রভাব ফেলতে দিন। যিহিষ্কেল ৩:১

আল্লাহ্‌ তাঁর কালাম থেকে আপনাকে যে সত্য দেখাচ্ছেন, তা **কীভাবে তাঁর উদ্দেশ্য অনুসারে** চাইবার জন্য আপনাকে অন্তর্দৃষ্টি দেয়, তা ভাল করে চিন্তা করুন। ১ করিন্থীয় ২:১০

লিখে রেখে বা একসংগে আলোচনা ক**রে আল্লাহ্‌ যা দেখিয়েছেন তা জানান,** যাতে তিনি প্রত্যেকের কাছে যা প্রকাশ করেছেন তা সবার সংগে ভাগ করা যায়। হাবাক্কুক ২:২

আপনার অনুরোধগুলো শক্তিশালী অস্ত্র—এই বিশ্বাস নিয়ে, আল্লাহ্‌ আপনাকে যা দেখিয়েছেন সেগুলোর জন্য মুনাজাতে **আল্লাহ্‌র কাছে চান।** ২ করিন্থীয় ১০:৪-৬; ইয়াকুব ৫:১৬

আল্লাহ্‌ আপনাকে যা কিছু করতে বলতে পারেন, তাতে **সম্পূর্ণভাবে বাধ্য হতে** প্রস্তুত থাকুন। ইউহোন্না ২:৫

আল্লাহ্‌ মুনাজাতের জবাব দেন বলে **তাঁকে শুকরিয়া জানান।** ১ ইউহোন্না ৫:১৪